

বাংলা - ক

দ্বাদশ শ্রেণি

পূর্ণমান - ১০০

সাহিত্য - ৪৭

১. গল্প	১২
২. কবিতা	১৩
৩. নাটক	১০
৪. আন্তর্জাতিক কবিতা ও ভারতীয় গল্প	০৭
৫. পূর্ণাঙ্গ সহায়ক গ্রন্থ	০৫

ভাষা, বাংলা শিল্প-সাহিত্য ও সংস্কৃতির ইতিহাস, প্রবন্ধ রচনা - ৩৩

১. ভাষা	১০
২. বাংলা শিল্প-সাহিত্য ও সংস্কৃতির ইতিহাস	১৩
৩. প্রবন্ধ রচনা	১০

প্রকল্প - ২০ প্রফ সংশোধন (০৫) প্রকল্পের অর্ন্তভুক্ত হবে।

গল্প

কে বাঁচায়, কে বাঁচে	- মানিক বন্দ্যোপাধ্যায়
ভাত	- মহাশ্বেতা দেবী
ভারতবর্ষ	- সৈয়দ মুস্তাফা সিরাজ

কবিতা

রূপনারানের কূলে	- রবীন্দ্রনাথ ঠাকুর
শিকার	- জীবনানন্দ দাশ
মহয়ার দেশ	- সমর সেন
আমি দেখি	- শক্তি চট্টোপাধ্যায়
ক্রন্দনরতা জননীর পাশে	- মৃদুল দাশগুপ্ত

নাটক (যে কোনো একটি)

বিভাব	- শঙ্কু মিত্র
নানা রঙের দিন	- অজিতেশ বন্দ্যোপাধ্যায়

আন্তর্জাতিক কবিতা

পড়তে জানে এমন এক মজুরের প্রশ্ন - ব্রেটস্ট ব্রেথট (অনুবাদ : শঙ্খ ঘোষ)

ভারতীয় গল্প

অলৌকিক - কর্তার সিং দুয়াল (অনুবাদ : অনিন্দ্য সৌরভ)

পূর্ণাঙ্গ সহায়ক গ্রন্থ

আমার বাংলা - সুভাষ মুখোপাধ্যায়

ভাষা

ধ্বনিতত্ত্ব : বাগযন্ত্র, ধ্বনি, স্বর ও ব্যঞ্জন, যুক্তব্যঞ্জন, ধ্বনি পরিবর্তনের কারণ

রূপতত্ত্ব : বাংলা বাক্যের পদক্রম, বাক্য বিশ্লেষণ

শব্দভান্ডার

শব্দার্থতত্ত্ব

শৈলীবিজ্ঞানের গোড়ার কথা

বাংলা শিল্প-সাহিত্য ও সংস্কৃতির ইতিহাস

[পর্ব - ৪ থেকে পর্ব - ৮]

পর্ব - ৪ - বাংলা গানের ইতিহাস - সংক্ষিপ্ত রূপরেখা

পর্ব - ৫ - বাংলা চিত্রকলার ইতিহাস - সংক্ষিপ্ত রূপরেখা

পর্ব - ৬ - বাঙালির চলচ্চিত্রের ইতিহাস - সংক্ষিপ্ত রূপরেখা

পর্ব - ৭ - বাঙালির বিজ্ঞানচর্চার সংক্ষিপ্ত পরিচিতি

পর্ব - ৮ - বাঙালির হ্রীড়াসংস্কৃতি

প্রবন্ধ

রচনা লেখার বিষয়টি এক লাইনে না দিয়ে একটি মানস-মানচিত্র এবং তথ্য সম্ভার দেওয়া হবে।

পরীক্ষার্থীরা সেই মানচিত্র এবং প্রয়োজনীয় তথ্য ব্যবহার করে প্রবন্ধ রচনা করবে এবং শিরোনাম দেবে।

একটি বক্তব্যের স্বপক্ষে বা বক্তব্যের বিপক্ষে একটি অনুচ্ছেদ দেওয়া থাকবে। পরীক্ষার্থীরা প্রদত্ত অনুচ্ছেদের স্বপক্ষে/বিপক্ষে তাদের বক্তব্য লিখবে।

কোনো একটি বিষয়ে কোনো একজন লেখকের লেখার একটি অংশ দেওয়া থাকবে। প্রদত্ত অনুচ্ছেদটি হল মূল রচনার প্রস্তাবনা বা ভূমিকা। এই প্রস্তাবনা বা ভূমিকাটিকে অবলম্বন করে পরীক্ষার্থী বিষয়বস্তুর গভীরে প্রবেশ করবে এবং পরিণতি দান করবে।

একটি প্রশ্নে কোনো একটি বিষয়ে নানা ধরনের সূত্র ও তথ্য দেওয়া থাকবে। সেগুলিকে ব্যবহার করে পরীক্ষার্থী রচনাটি গড়ে তুলবে।

প্রফ সংশোধন

একটি অনুচ্ছেদ দেওয়া হবে। তার থেকে বিরাম চিহ্ন, সম্পাদনা, অনুচ্ছেদ বিভাজন, বানান, শিরোনাম - এই বিষয়গুলি সংশোধন নির্ণয় করতে হবে এমন একটি অভীক্ষাপত্রে শিক্ষার্থী পরীক্ষা দেবে।

প্রকল্প (যে কোনো একটি)**সমীক্ষা পত্র**

নূন্যতম ৫০টি নমুনার ভিত্তিতে তৈরি করতে হবে।

নিজের গ্রাম/পাড়া/অঞ্চলকে কেন্দ্র করে সাধারণ সমাজ ভিত্তিক সমীক্ষা নারী/পুরুষের হার, সাক্ষরতা, ধর্মসম্প্রদায়, খেলাধুলার প্রবণতা (ইন্ডোর, আউটডোর, ফুটবল, ক্রিকেট, হকি) প্রভৃতি। অন্যদিকে, আদিবাসী, জনজাতি, জনগোষ্ঠী ও সম্প্রদায়ভিত্তিক বিবিধ সমীক্ষা।

নিজের বিদ্যালয় নিয়েও করা যাবে, আবার অন্যান্য প্রতিবেশী বিদ্যালয়কে অন্তর্ভুক্ত করা যেতে পারে। সমীক্ষার বিষয় হবে বিদ্যালয় সংশ্লিষ্ট কোনো তথ্য উদ্ঘাটন। হতে পারে বিদ্যালয় শিক্ষার্থীদের জাতিগত/সম্প্রদায় নকশা, হতে পারে শিক্ষক-শিক্ষিকাদের বয়স, সারস্বত ক্রিয়াকর্ম, বিদ্যালয়ের ইতিহাস (মৌখিক সাক্ষাৎকার-সমীক্ষা), বিদ্যালয়ের শ্রেণিবিভাজন-শিক্ষার্থীসামর্থ্য প্রভৃতি।

গল্পের নাট্যরূপ

নূন্যতম শব্দসংখ্যা - ২০০০-৪০০০ [কোন প্রতিভাশীল লেখক/লেখিকার লেখা থেকে তৈরী করতে হবে]।

গল্পের চিত্রনাট্য

শব্দসংখ্যা - ২০০০-৪০০০ [কোন প্রতিভাশীল লেখক/লেখিকার লেখা থেকে তৈরী করতে হবে]।

গ্রন্থ সমালোচনা

প্রতিভাশীল কবি, গল্পকার, নাট্যকার ও প্রাবন্ধিকের কোনো ১টি পূর্ণাঙ্গ বইয়ের সমালোচনা।

নূন্যতম শব্দসংখ্যা - ১০০০।

নির্বাচিত রচনাকারের সাহিত্য-শৈলী বিচার

বাংলা 'ক' ভাষার ছাত্র-ছাত্রীরা ইংরাজির পাঠক্রম অন্তর্ভুক্ত কোনও একজন লেখকের গল্প (চারটি) বা কবিতার (ছয়টি) আলোচনা করে রচনার শৈলী বৈশিষ্ট্য ও অভিনবত্ব সম্পর্কে একটি মৌলিক প্রবন্ধ লিখবে।

বাংলা 'খ' ভাষার ছাত্র-ছাত্রীরা বাংলার পাঠক্রমে অন্তর্ভুক্ত কোনো একজন লেখকের গল্প (চারটি) বা কবিতার (ছয়টি) আলোচনা করে তাঁর শৈলী বৈশিষ্ট্য ও অভিনবত্ব সম্পর্কে একটি মৌলিক প্রবন্ধ লিখবে। (৫০০-১০০০ শব্দ)

নির্দিষ্ট ঐতিহাসিক কালপর্বে সাহিত্য সংস্কৃতির বিকাশ ও বিবর্তনের তথ্যানুসন্ধান

সাহিত্য সংস্কৃতির ইতিহাস থেকে ঊনবিংশ বা বিংশ শতকের বাংলার কোনও একটি কাল ও পর্বকে কেন্দ্র করে (১) ভাষা

SYLLABUS

(২) খাদ্যাভ্যাস (৩) পোষাক (৪) গৃহনির্মাণ (৫) সংগীত (৬) নাটক (৭) চলচ্চিত্র (৮) চিত্রকলা ও ভাস্কর্য (৯) খেলাধুলা- এইসব বিষয়ে যে কোনো একটির বিকাশ, বিবর্তন ও বৈশিষ্ট্যের তথ্যসহ অনুসন্ধান ও আলোচনা।

নির্বাচিত সাহিত্য-সৃষ্ট চরিত্রের জীবনীনির্মাণ

ফেলুদা/ঘনাদা/টেনিদা/শঙ্কু/সদাশিব/স্বজুদা/পাগলা দাণ্ডা/গোগোল/কাকাবাবু/কিকিরা/হাঁদা ভৌদা বা নস্টে-ফস্টে/হর্ষবর্ধন-গোবর্ধন।

নির্বাচিত সাহিত্যিকের সাহিত্য-অবদান সম্পর্কিত প্রকল্প নির্মাণ

উপেন্দ্রকিশোর রায়চৌধুরী, দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার, সুকুমার রায়, অবনীন্দ্রনাথ ঠাকুর, প্রমোদ্র মিত্র, শরদিন্দু বন্দ্যোপাধ্যায়, লীলা মজুমদার, নারায়ণ গঙ্গোপাধ্যায়, শিবরাম চক্রবর্তী, সত্যজিৎ রায়, শীর্ষেন্দু মুখোপাধ্যায়, হিমালীশ গোস্বামী, নারায়ণ দেবনাথ, শৈলেন ঘোষ।

উল্লিখিত লেখকদের মধ্যে থেকে যে কোনো একজনের বাংলা সাহিত্যে অবদান ও সেই অবদান অপরিহার্য প্রতিপন্ন করে প্রকল্প নির্মাণ (ন্যূনতম : ২০০০ শব্দ)